জানাযার পশ্চাদানুগমণ করতে আমাদের নিষেধ করা হয়েছে, তবে আমাদের উপর কড়াকড়ি আরোপ করা হয়নি।

উম্মু আতিয়্যাহ্ রাদিয়াল্লাহু আনহা হতে বর্ণিত, তিনি বলেন, জানাযার পশ্চাদানুগমণ
করতে আমাদের নিষেধ করা হয়েছে, তবে আমাদের উপর কড়াকড়ি আরোপ করা হয়নি।
[সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

উম্মে আতিয়াহ আল-আনসারিয়াহ রাদিয়াল্লাহু আনহা বলেন, নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম মহিলাদেরকে জানাযার সাথে হাঁটতে নিষেধ করেছেন। এর কারণ হলো তাদের মধ্যে এবং তাদের মাধ্যমে ফিতনার ভয় এবং তাদের ধৈর্যের অভাব। তারপর তিনি রাদিয়াল্লাহু আনহা আমাদের জানান যে নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম অন্যান্য নিষেধাজ্ঞার মতো নিষেধ করার ওপর জোর দেননি।

https://sunnah.global/hadeeth/bn/show/3228